

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০৫

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ অল্পে তুষ্টি, চাওয়া হতে দূরে থাকা এবং মিতাচারিতা ও মিতব্যয়িতার মাহাত্ম্য এবং অপ্রয়োজনে চাওয়ার নিন্দাবাদ

আববী

وَعَن حَكِيمِ بِنِ حِزَامٍ أَنَّ النَّبِيَّ عَيْكِي قَالَ اليَدُ العُلْيَا خَيْرٌ مِنَ اليَدِ السُّفْلَى وَابْدَأَ بِمَنْ تَعُولُ وَحَيْرُ الصَّدَقَةِ مَا كَانَ عَن ظَهْرِ غِنىً وَمَنْ يَسْتَعْفِفْ يُعِفّهُ اللهُ وَمَنْ يَسْتَغْنِ يُغْنِهِ اللهُ مَتفق عليه وهذا لفظ البخاري ولفظ مسلم أخصر

বাংলা

(৩০৫) হাকীম ইবনে হিযাম (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, উপরের (দাতা) হাত নিচের (গ্রহীতা) হাত অপেক্ষা শ্রেষ্ঠ। যাদের ভরণ-পোষণ তোমার দায়িত্বে আছে তাদেরকে আগে দাও। প্রয়োজনের অতিরিক্ত সম্পদ থেকে সাদকাহ করা উত্তম। যে ব্যক্তি (হারাম ও ভিক্ষা করা থেকে) পবিত্র থাকতে চায়, আল্লাহ তাকে পবিত্র রাখেন এবং যে পরমুখাপেক্ষিতা থেকে বেঁচে থাকতে চায়, আল্লাহ তাকে অভাবশূন্য করে দেন।

ফুটনোট

(বুখারী-মুসলিম, শব্দগুলি বুখারীর ১৪২৭, মুসলিমের শব্দগুচ্ছ অধিকতর সংক্ষিপ্ত ২৪৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ হাকীম ইবনু হিযাম (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন